স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

সেমেস্টার ৪ কোর্স ১

বিশেষপত্র: রবীন্দ্রসাহিত্য: রবীন্দ্রসমালোচনার ধারা

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ৪০

প্রশ্নের মান ডানদিকে দেওয়া হল

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১. ‘ মানসী’ পূর্ব রবীন্দ্রকাব্যসমালোচনার পরিচয় দাও। ১০

২. ‘কবির কাব্যরচনা ও জীবনরচনা একই রচনার অন্তর্গত’- অজিতকুমার চক্রবর্তীর ‘রবীন্দ্রনাথ’ প্রবন্ধের এই ভাবনা কোথা থেকে পাওয়া বলে তুমি মনে করো, আলোচনা করো। ১০

৩. দ্বিজেন্দ্রলালের রবীন্দ্রসমালোচনা কতটা ব্যক্তিগত বিদ্বেষজাত আর কতটা সাহিত্যাদর্শগত পার্থক্যজাত – বিশ্লেষণ করো। ১০

একক ২

৪. শচীন সেন ও এডওয়ার্ড টমসনের রবীন্দ্র-সমালোচনার প্রত্যুত্তরে রবীন্দ্রনাথ দুটি নিবন্ধ লিখেছিলেন। এই লেখাগুলির পরিপ্রেক্ষিতে রবীন্দ্রনাথের নিজের কাছে রবীন্দ্র-সমালোচনার আর্দশ রূপটি কেমন আলোচনা করো। ১০

৫. ‘জয়ন্তী উৎসর্গ’ সংকলনটি রবীন্দ্রসমালোচনার ইতিহাসে কেন গুরুত্বপূর্ণ আলোচনা করো। ১০

৬. বিদ্যায়তনিক রবীন্দ্রসমালোচনার বিকাশে প্রমথনাথ বিশীর ‘রবীন্দ্রকাব্য প্রবাহ’-এর গুরুত্ব আলোচনা করো। ১০

একক ৩

৭. আধুনিক কবিদের চোখে রবীন্দ্রনাথ আলোচনার সূত্রে সুধীন্দ্রনাথ দত্ত ও বিষ্ণু দে-র রবীন্দ্রসমালোচনা প্রসঙ্গে আলোচনা করো। ১০

৮. ‘মার্কসবাদী’ পত্রিকার রবীন্দ্র-সমালোচনা প্রসঙ্গে সংক্ষেপে আলোচনা করো। ১০

৯. ‘রবীন্দ্র প্রতিভার পরিচয়’ গ্রন্থে রবীন্দ্রকাব্যধারাকে কীভাবে ভাগ করা হয়েছে? এই বই রবীন্দ্রসমালোচনায় কেন গুরুত্বপূর্ণ?৭+৩=১০

১০. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ৫ ×২=১০

ক) কালীপ্রসন্ন ঘোষ কোন পত্রিকায় কোন রবীন্দ্রকাব্যের সমালোচনা করেন?

খ) প্রিয়নাথ সেনের রবীন্দ্র রচনা বিষয়ক দুটি প্রবন্ধের নাম লেখো।

গ) উপেন্দ্রকুমার করের রবীন্দ্রসমালোচনা বিষয়ক বইটির নাম কী? এটি কোথা থেকে প্রকাশিত হয়?

ঘ) প্রশান্তকুমার মহলানবীশের ‘রবীন্দ্র-পরিচয়’ নিবন্ধে রবীন্দ্রনাথের কোন সময়ের রচনায় আলোকপাত করা হয়েছে? এই নিবন্ধে আলোচিত যে কোনো একটি রবীন্দ্র-গ্রন্থের নাম লেখো।

ঙ). ‘কবিতা’ পত্রিকার রবীন্দ্র সংখ্যায় রবীন্দ্রনাথের ছবি ও গান নিয়ে যে-দুটি প্রবন্ধ প্রকাশিত হয় তার লেখকদের নাম কী?

চ). রবীন্দ্র-জন্মশতবর্ষে প্রকাশিত ‘পরিচয়’ পত্রিকায় রবীন্দ্র সংখ্যার সম্পাদক কে ছিলেন? এই সংখ্যায় মোট কতগুলি নিবন্ধ প্রকাশিত হয়?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার ৪ কোর্স ২

বিশেষ পত্র : রবীন্দ্রনাথ

রবীন্দ্রচিন্তাজগৎ

সময় ৩ ঘন্টা

পূর্ণমান ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

## একক ১

১। 'মানুষের ধর্ম' বলতে রবীন্দ্রনাথ মনের অভিব্যক্তিকে বুঝিয়েছেন, আলোচনা করো।. ১০

২। 'আত্মপরিচয়' গ্রন্থে রবীন্দ্রনাথ জীবনদেবতার সঙ্গে তাঁর সম্পর্কের যে চিত্র রচনা করেছেন সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

৩। রবীন্দ্রনাথের ধর্ম ভাবনা প্রাতিষ্ঠানিক ধর্মচিন্তাকে কীভাবে অস্বীকার করে পাঠ্য রচনা অবলম্বনে আলোচনা করো। ১০

## একক ২

৪। 'রাশিয়ার চিঠি'র অন্যতম বৈশিষ্ট্য রাশিয়া এবং ভারতবর্ষের পারস্পরিক তুলনা। পঠিত প্রবন্ধ অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

৫। 'স্বদেশী সমাজ' প্রবন্ধটি রবীন্দ্রনাথের চিন্তাজগতে কেন বিশেষ উল্লেখযোগ্য হয়ে আছে, তা পরিস্ফুট করো। ১০

৬। 'উপকার করব না, উপকার ঘটাব, এইটেই আমাদের লক্ষ্য হওয়া চাই।' এই মন্তব্যের সুত্রে রবীন্দ্রনাথের পল্লি-ভাবনার পরিচয় দাও। ১০

## একক ৩

৭। রবীন্দ্রনাথের অনুসরণে বাংলায় ব্যবহৃত ধ্বন্যাত্মক শব্দ সম্পর্কে আলোচনা করো। ১০

৮। 'বাংলা বর্ণমালায় ই আর উ সবচেয়ে উদ্যমশীল স্বরবর্ণ' – "বাংলাভাষা পরিচয়"-এর পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

৯। 'আমার বিশ্বাস সুয়োরানী নেবেন বিদায় আর একলা দুয়োরানী বসবেন রাজাসনে।' –রবীন্দ্রনাথের মধ্যে কেন এই বিশ্বাস গড়ে উঠেছিল "বাংলাভাষা-পরিচয়" অবলম্বনে আলোচনা করে দেখাও। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ৫x২=১০

ক) 'সমবায় ১' ও 'সমবায় ২' প্রবন্ধদুটির প্রকাশকাল উল্লেখ করো।

খ) 'পল্লীর উন্নতি' ও 'পল্লীসেবা' প্রবন্ধদুটি কোথায় প্রথম পঠিত হয়?

গ) 'মানুষের ধর্ম' কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কবে কী বক্তৃতা হিসেবে প্রদত্ত?

ঘ) 'বাংলাভাষার স্বাভাবিক ছন্দ' বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন?

ঙ) 'বাংলায় একটা অতিরিক্ত স্বরবর্ণ আছে যা সংস্কৃত ভাষায় নেই।' – মন্তব্যটি কোথায় আছে? অতিরিক্ত স্বরবর্ণ কোন্‌টি?

চ) 'রাশিয়ার চিঠি' কাকে উৎসর্গ করেন? কত সালে গ্রন্থাকারে এটি প্রকাশিত হয়?

স্নাতকোত্তর পরীক্ষা - ২০২৪

বাংলা

সেমেস্টার : ৪　　কোর্স : ৩

**বিশেষ পত্র : রবীন্দ্রনাথ (নির্বাচিত টেক্সট)**

সময় : ৩ ঘণ্টা　　পূর্ণমান : ৪০

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত।**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।**

## একক-১

১। 'গীতবিতান'-এর পূর্ববর্তী রবীন্দ্রনাথের গীতসংকলনগ্রন্থগুলির একটি কালানুক্রমিক পর্যালোচনা করো। ১০

২। 'সংসার জীবনময়,/ নাহি হেথা মরণের স্থান'— কবির এই উপলব্ধি তোমার পাঠ্য 'কড়ি ও কোমল'-এর কোন কোন কবিতায় কীভাবে প্রকাশ পেয়েছে দেখাও। ১০

৩। 'শেষ সপ্তক' কাব্যের প্রেম ও মৃত্যুভাবনার কবিতার মধ্য দিয়ে রবীন্দ্রনাথের জীবনদর্শন কীভাবে প্রকাশ পেয়েছে পাঠ্য কয়েকটি কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

## একক-২

৪। 'আমার পতন কি শিউলি ফুলের খসে পড়া?'—সংলাপটির সূত্রে 'রাজা' নাটকে সুদর্শনার ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

৫। 'রাজা' নাটকে অন্ধকারের তাৎপর্য লেখো। ১০

৬। 'রাজা' নাটকে বসন্তের অনুষঙ্গ কীভাবে অপরিহার্য হয়ে উঠেছে আলোচনা করো। ১০

## একক-৩

৭। রবীন্দ্রনাথের 'ঘরে-বাইরে' রাজনৈতিক পটভূমির উপন্যাস হলেও এর কেন্দ্রীয় সমস্যাপটে রয়েছে একান্তভাবেই বিমলার আত্মিক সংকট। 'রাজনীতি' সেই সংকটে গতিসঞ্চার করেছে মাত্র।- এই মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

৮। 'দেশবোধ'-এর প্রশ্নে নিখিলেশ আর তাঁর স্রষ্টা রবীন্দ্রনাথ অভিন্ন। 'ঘরে-বাইরে' উপন্যাস অনুসরণ করে এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করো। ১০

৯। 'লিপিকা'র 'পুনরাবৃত্তি' এবং বিদূষক' নামক রচনাদুটির আলোচনা করে যুদ্ধ সম্পর্কে রবীন্দ্রনাথের কোনো বিশেষ মনোভাব এই রচনাদুটিতে পাওয়া যায় কিনা, তা বিশ্লেষণ করে দেখাও। ১০

১০। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫x২=১০

ক) 'গীতবিতান'-এ বর্তমানে কোন পর্যায়ে উপপর্যায় চিহ্নিত আছে ? এ-ছাড়া আর যে-কোনো একটি পর্যায়ের উল্লেখ করো, যাতে উপপর্যায় রাখবার পরিকল্পনা রবীন্দ্রনাথ করেছিলেন ? খ) 'আজ তুমি হয়েছ কবি'—কে কীভাবে কবি হয়েছে ?

গ) 'লিপিকা'র গদ্যকবিতাগুলি ছাপবার সময় বাক্যগুলিকে পদ্যের মতো খণ্ডিত করা হয়নি—এর কারণ কী ?

ঘ) 'রাজা' নাটকে রাজা ও রাজবেশী সুবর্ণ-র ধ্বজাচিহ্ন কী কী ?

ঙ) 'সারাদিন গিয়েছিনু বনে'—এই অনূদিত কবিতাটি কার লেখা কোন কবিতার অনুবাদ ?

চ) 'ঘরে-বাইরে' উপন্যাসে নিখিলেশ আর সন্দীপের মোট ক'টি করে আত্মকথা আছে ?